

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি  
গুলফেশী প্লাজা (৭ম তলা)  
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক  
বড় মগবাজার, রমনা  
ঢাকা-১২১৩।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগ-২৮

তারিখ: ২৪ ভাদ্র ১৪২১ বাংলা  
০৮ সেপ্টেম্বর ২০১৪ ইংরেজী

প্রধান নিবাহী কর্মকর্তা  
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ক্ষুদ্রখণ্ডের গ্রাহকদের সহায়তা করা প্রসংগে।**


আপনারা অবগত আছেন যে, সাম্প্রতিক বন্যায় দেশের ১৭টি জেলার (কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, রংপুর, বগুড়া, সিরাজগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, ঢাকা, মানিকগঞ্জ, মুক্তিগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, নেত্রকোণা, সিলেট ও সুনামগঞ্জ) বিস্তীর্ণ এলাকার ঘর-বাড়ি, ক্ষেত-খামার, আবাদী ফসল প্লাবিত হওয়াতে এসব এলাকার বাসিন্দারা চরম দুর্ভোগের মধ্যে দিনাতিপাত করছে। বন্যার কারণে এসব এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ড স্থবর/সংকুচিত হয়ে পড়ায় মানুষের আয়-উপার্জন সীমিত হয়ে পড়েছে। বিশেষত সাধারণ দারিদ্র্য-গীড়িত জনগোষ্ঠীই বন্যায় অধিক পরিমাণে ক্ষতিগ্রস্ত হয়েছে যাদের অধিকাংশই ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানের গ্রাহক। ইতোমধ্যে কোন কোন ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের সহায়তার উদ্দেশ্যে বিভিন্ন রকম সামাজিক উদ্যোগ গ্রহণ করেছে যর্থে অথরিটি অবহিত হয়েছে। এহেন পরিস্থিতিতে এধরনের কাজে সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণার্থে বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রাহকদের কল্যাণে উপরোক্ষিত জেলাসমূহের বন্যা কবলিত এলাকায় কার্যরত সকল ক্ষুদ্রখণ্ড প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রিত কার্যক্রম গ্রহণের পরামর্শ দেয়া হলো:-

- (১) বন্যার প্রকোপ, ক্ষতির পরিমাণ, গ্রাহকের আর্থিক অবস্থা ও খণ্ড পরিশোধের সক্ষমতা ইত্যাদি বিবেচনায় ক্ষতিগ্রস্ত গ্রাহকের নিকট হতে বন্যাকালীন ও বন্যা পরবর্তী ন্যূনতম ০২(দুই) মাস বিদ্যমান খণ্ডের কিস্তি আদায় বন্ধ করণ;
- (২) নতুনভাবে অন্তর্বর্তী/দূর্যোগকালীন খণ্ড প্রদানপূর্বক চলমান খণ্ড পুনঃতফসিলিকরণ (reschedule);
- (৩) গ্রাহকদের খণ্ড থাকা অবস্থায় শতভাগ সঞ্চয় উত্তোলনের সুবিধা প্রদান; এবং
- (৪) প্রতিষ্ঠানের উদ্বৃত্ত তহবিল/ দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল হতে ক্ষতিগ্রস্ত সামর্থহীন গ্রাহকদের জরুরি খাবার ও ঔষধ সরবরাহ এবং বন্যা পরবর্তী পুনর্বাসনে সহায়তাকরণ।

প্রসঙ্গত উল্লেখ্য যে, উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যবহারের ক্ষেত্রে ব্যয়ের বিস্তারিত বিবরণী দাখিলপূর্বক অথরিটির কার্যোন্তর অনুমোদন গ্রহণসহ সংশ্লিষ্ট বিষয়ে আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পদক্ষেপ সম্পর্কে আগামী ৩১/১০/২০১৪ তারিখের মধ্যে অথরিটিকে অবহিত করার পরামর্শ দেয়া হলো।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,


  
(ফৌজিয়া জাফরীন)  
পরিচালক  
ফোনঃ ৮৩৩৩৩৩০।

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৪- ৭৬৫ (৩২৩)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোতির ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক বুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জেনেরেল স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

  
(মোহাম্মদ ইয়াকুব হোসেন)  
উপ-পরিচালক  
ফোনঃ ৮৩১৫৭৯৯।